

18 ফেব্রুয়ারি, 2022

প্রিয় পরিবারবর্গ,

কোভিড-19 (COVID-19) মহামারী চলাকালে, এমনকি ওমিক্রনের প্রবল প্রকোপের সময়েও, আমাদের স্কুলসমূহ খোলা রাখতে এবং ছেলেমেয়েদের জন্য সবচেয়ে নিরাপদ স্থানসমূহের মধ্যে একটি হিসেবে বজায় রাখতে, আমাদের “নিরাপদে থাকুন, খোলা রাখুন” পরিকল্পনাটি সফল হয়েছে। মধ্য শীতের অবকাশের পর আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখতে, আমরা সকল শিক্ষার্থীদের, তাদের টিকা বা ভ্যাকসিন গ্রহণের স্ট্যাটাস (অবস্থা) যাই হোক না কেন, 28 ফেব্রুয়ারি স্কুলে ফিরে আসার আগে কোভিড-19-এর জন্য পরীক্ষা বা টেস্ট করতে জোর উৎসাহ দিচ্ছি। আপনার সন্তান PCR, ল্যাব-ভিত্তিক র‍্যাপিড টেস্ট, কিংবা একটি হোম টেস্ট কিট (বাড়িতে গৃহীত পরীক্ষার সরঞ্জাম)-এর মাধ্যমে পরীক্ষা করতে পারে। আপনার সন্তান বাড়িতে দুইটি কোভিড-19 হোম টেস্ট নিয়ে যাবে, যেগুলো একটি কিংবা দুইটি প্যাকেটে থাকতে পারে।

আমার সন্তানের কখন টেস্ট তথা পরীক্ষাগুলো করা উচিত?

- **প্রথম পরীক্ষা 26 ফেব্রুয়ারি:** শনিবার, 26 ফেব্রুয়ারি সন্ধ্যায় যে কোভিড টেস্টগুলো প্রদান করা হয়েছে, সেগুলোর একটি ব্যবহার করতে অনুগ্রহ করে আপনার সন্তানকে সহায়তা করুন।
- **দ্বিতীয় পরীক্ষা 27 ফেব্রুয়ারি:** 24 ঘণ্টা পর, 27 ফেব্রুয়ারির সন্ধ্যায়, অনুগ্রহ করে আপনার সন্তানকে দ্বিতীয় টেস্টটি নিতে সহায়তা করুন।
- যদি আপনার সন্তানের ফলাফল নেগেটিভ আসে এবং সুস্থ বোধ করে, তবে তার সোমবার, 28 ফেব্রুয়ারি ফিরে আসা উচিত।
- অনুগ্রহ করে লক্ষ্য করবেন, যদি আপনার সন্তান বিগত 90 দিনের মধ্যে কোভিড-19-এর নিশ্চিত সংক্রমণ থেকে সুস্থ হয়ে থাকে, তবে তার একটি টেস্ট গ্রহণ করার প্রয়োজন নেই এবং সুস্থ বোধ করলে সোমবার, 28 ফেব্রুয়ারি স্কুলে অংশগ্রহণ করা উচিত।

যদি আপনার সন্তানের একটি টেস্টের ফলাফল পজিটিভ আসে তবে আমি কী করবো?

- **কিন্ডারগার্টেন এবং এরচেয়ে বেশি বয়সী:** অনুগ্রহ করে আপনার স্কুলকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে পাঁচ দিনের জন্য আলাদা (আইসোলেশন) রাখুন। আপনার সন্তানের কোনও উপসর্গ না থাকলে অথবা উপসর্গসমূহের উন্নতি হলে (এতে অন্তর্ভুক্ত, ঔষধ সেবন না করে 24 ঘণ্টা জ্বরমুক্ত থাকা) এবং যেদিন পজিটিভ টেস্ট এসেছে সেদিন থেকে দশম দিন পর্যন্ত একটি যথাযথ ফিট হয় এমন একটি মাস্ক পরতে পারে, তবে ষষ্ঠ দিন স্কুলে ফিরে আসতে পারে।
- **প্রি-K এবং এরচেয়ে কম বয়সী:** অনুগ্রহ করে আপনার স্কুল/প্রোগ্রামের স্কুলকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে দশ দিনের জন্য আলাদা (আইসোলেশন) রাখুন। আপনার সন্তান দশম দিন পর স্কুলে/প্রোগ্রামে ফিরে আসতে পারে।
- সকল বয়সীর জন্য:

- o অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তবে আলাদা (আইসোলেশন) থাকাকালীন সময় আপনার সন্তানের অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) শিক্ষা-নির্দেশনা পাবার এবং কার্য সময়ে (অফিস আওয়ারে) যোগাযোগের অধিকার আছে।
- o যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে তবে যেসব বাড়তি তথ্য পাওয়া যাবে, সেগুলোর জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2022Health -সাইটে অবস্থিত, আমাদের কোভিড-19 বিষয়ে নির্দেশনার চার্টসমূহ দেখুন।

টেস্ট কিট সংক্রান্ত নির্দেশনা আমি কোথায় পেতে পারি?

- টেস্ট কিটগুলোতে নির্দেশনা মুদ্রিত থাকে, যেগুলো পরীক্ষা বা টেস্ট করার সময় আপনার অনুসরণ করা উচিত। এছাড়াও আপনার টেস্ট কিটটি কীভাবে ব্যবহার করতে হবে, সেবিষয়ে আপনি বহুবিধ ভাষায় ভিডিও schools.nyc.gov/HomeRapidTestKits -সাইটে দেখতে পারেন।

আমাদের স্কুলগুলোতে কোভিড-19 সংক্রমণ রোধে আপনার অংশটুকু করার জন্য ধন্যবাদ! ছুটির পর আপনার সন্তান যখন স্কুলে ফিরে আসবে, তখন সে যেন প্রতিদিন দৈনিক সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) পূরণ করছে, অনুগ্রহ করে তা নিশ্চিত করুন, যা healthscreening.schools.nyc -এ পাওয়া যাবে।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 রোধে এবং আমাদের স্কুলগুলো আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। পাঁচ (5) এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তবে অনুগ্রহ করে vaccinefinder.nyc.gov -সাইটে অথবা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী টিকাকেন্দ্রে (ভ্যাকসিন সাইটে) এই মধ্যশীতের ছুটিতে একটি অ্যাপয়েন্টমেন্ট করার সুযোগ নিন। অভিভাবসন অথবা স্বাস্থ্য বীমার অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে।

পুরোপুরি ভ্যাকসিন বা টিকা প্রাপ্ত, 12 এবং এরচেয়ে বেশি বয়সীদের জন্য এখন ভ্যাকসিন বুস্টার শট পাওয়া যাচ্ছে। বুস্টার শট সম্পর্কে আরও তথ্যের জন্য, <https://www1.nyc.gov/site/doh/covid/covid-19-vaccines.page#boost> দেখুন।

আমি আপনি ও সন্তানের জন্য একটি আনন্দময় ও বিশ্রামপূর্ণ অবকাশ কামনা করছি।

Dr. Cristina Meléndez

ড. ক্রিস্টিনা মেলেন্দেজ (Cristina Meléndez)

এক্সিকিউটিভ ডিরেক্টর

ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট